দৈনিক
আমাদের সময়

সংখ্যা ... 19 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৬ কলাম ... 2 ......

# ইসলামি শিক্ষা বাধ্যতামূলক করলে জঙ্গি তৈরি হবে না

## –চরমোনাই পীর

**নিজস্ব প্রতিবেদক, খুলনা •**

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করিম (পীর সাহেব চরমোনাই) বলেছেন–, সন্ত্রাস, জঙ্গি, মসজিদ-মাদ্রাসা থেকে তৈরি হয় না। মসজিদে খুতবা নজরদারি করে সন্ত্রাস ও জঙ্গিবাদ বন্ধ করা যাবে না। এগুলো বন্ধের জন্য ইসলামি শিক্ষা জরুরি। ইসলামি শিক্ষা বাধ্যতামূলক করলে জঙ্গি তৈরি হবে না।

তিনি বলেন, সন্ত্রাস ও জঙ্গিবাদের নির্দেশদাতা ও অর্থ জোগানদাতাদের চিহ্নিত করে তা প্রতিহত করতে হবে।

গতকাল সোমবার বিকাল ৪টায় খুলনার ডাকবাংলো সোনালী ব্যাংক চত্বরে ইসলামী আন্দোলন বাংলাদেশ আয়োজিত প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

এতে বিশেষ অতিথির বক্তব্যে কেন্দ্রীয় নায়েবে আমির অধ্যক্ষ আবদুল আউয়াল বলেন, শিক্ষানীতি ও পাঠ্যসূচিতে ইসলামি চিন্তা-চেতনা না রাখার কারণেই সন্ত্রাসবাদ মাথাচাড়া দিয়ে উঠেছে। যার প্রমাণ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো থেকে জঙ্গিবাদ চিহ্নিত হচ্ছে। আবার বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও জঙ্গিবাদ তৈরিতে ভূমিকা রাখছে।